যদি আমার কোনও বীমা না থাকে এবং যদি হাসপাতালের বিল না দিতে পারি তাহলে কী হবে?

নিউ ইয়র্ক শহরের যে সব স্বল্প আয়ের নাগরিকদের বীমা নেই অথবা যাঁরা জরুরি পরিষেবার বিশেষ বিধির কারণে তাঁদের স্বাস্থ্য বেনিফিটের সুবিধা খরচ করে ফেলেছেন তাঁদের ক্ষেত্রে মাইমোনাইডস্ মেডিক্যাল সেন্টার কম ফী নিয়ে থাকে। নিউ ইয়র্ক স্টেটের স্বল্প আয়ের নাগরিকরা জরুরি পরিষেবার জন্য আর্থিক সহায়তা পান।রোগীরা স্বল্প আয়ের পরিবার থেকে এসেছেন বলে ধরা হবে যদি তাঁদের পারিবারিক আয় ফেডারেল এর দারিদ্রসীমার শতকরা একাংশ নিচে থাকে এবং যদি তাঁরা সম্পত্তি নির্ণায়ক পরীক্ষায় সফল হন।

এছাড়াও যে সব রোগী আর্থিক যোগ্যতার শর্তগুলি পূরণ করতে পারছেন না অথচ অজস্র চিকিৎসার খরচ যাঁদের মেটাতে হচ্ছে সেই সব নির্দিষ্ট ক্ষেত্রে আর্থিক সহায়তা পাওয়া যেতে পারে।

সব পরিষেবারই কী খরচই পাওয়া যায়?

চিকিৎসার জন্য পরিষেবাটির প্রয়োজন থাকতে হবে এবং সেটি মাইমোনাইডস্ মেডিক্যাল সেন্টার কর্তৃক প্রদত্ত হতে হবে। এই পলিসিতে যে সব পরিষেবার ব্যয় মেটানো হয় না তার মধ্যে আছে ঃ

- যে সব পরিষেবাগুলি চিকিৎসার কারণে প্রয়োজনীয় নয় (যেমন সৌন্দর্যবর্দ্ধক পদ্ধতিসমূহ)
- যেসব সামগ্রীর কোনো নিদানিক অর্থাৎ ক্লিনিক্যাল অথবা চিকিৎসাগত উপকার নেই (যেমন, টেলিফোন, টেলিভিশন এবং ব্যক্তিগত কক্ষের প্রভেদ-নির্ভর মাশুল);
- হাসপাতাল যে সব পরিষেবার জন্য বিল দেয় না (যেমন অ্যানাসথেসিয়া পরিষেবা, চিকিৎসকের ফি); এবং
- কোপেমেন্ট এবং বাদ দেওয়া যায় এমন খরচ।

আমি কীভাবে জানব কোন্ পরিষেবার খরচ পাওয়া যায়?

যখন আপনি আর্থিক সহায়তার জন্য আবেদন করবেন, তখন আমরা আপনাকে জানাব কোন্ পরিষেবাগুলির খরচ পাওয়া যাবে।

কম ফী'র জন্য বিবেচিত হতে আমাকে কী করতে হবে?

আপনি অবশ্যই একজন আর্থিক পরামর্শদাতা অর্থাৎ ফাইন্যান্সিয়াল কাউন্সেলরের সঙ্গে কথা বলবেন যিনি আপনার সঙ্গে আলোচনা করে স্থির করবেন যে আপনি সরকারি বীমা (যেমন মেডিকেইড, ফ্যামিলি হেলথ প্লাস, চাইল্ড হেলথ প্লাস, প্রিনেটাল কেয়ার, অ্যাসিসটেন্স প্রোগ্রাম), কম ফী অথবা অন্যান্য আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য কি না। অনুগ্রহ করে প্রক্রিয়াটি শুরু করতে আর্থিক পরিষেবা বিভাগ অর্থাৎ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস্ ডিপার্টমেন্ট এর সঙ্গে 718-283-7790 নম্বরে যোগাযোগ করুন। মানসিক স্বাস্থ্য সম্পর্কিত পরিষেবার জন্য অনুগ্রহ করে সি.এম.এইচ.সি. রেজিস্ট্রারদের সঙ্গে 718-283-8144 নম্বরে যোগাযোগ করুন।

আমি কি কম ফী'র সুবিধা পাওয়ার যোগ্য হব?

আর্থিক সহায়তা কর্মসূচিটি পরিবারের আকার এবং আয় সংক্রান্ত ফেডারেলের দারিদ্র সীমা এবং সামগ্রিকভাবে অর্থে রূপান্তরিত করা যাবে এমন সম্পত্তির (ব্যাঙ্ক অ্যাকাউন্ট, স্টক, বন্ড) ওপর ভিত্তি করে তৈরি। যে সব রোগীর পারিবারিক আয় ফেডারেল এর দারিদ্র সীমার 300% অথবা তার নিচে, ধরে নেওয়া যেতে পারে যে তাঁরা ছাড় পাওয়ার যোগ্য হবেন। এই ছাড়ের পরিমাণ ফেডারেল এর দারিদ্রসীমা এবং সম্পত্তির পরীক্ষার নিরিখে পরিবারের আয়ের সঠিক ও নির্দিষ্ট শতকরা হার (0%-300%) এর উপর নির্ভর করবে।

আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য হওয়া ছাড়াও আপনাকে আর্থিক সহায়তার আবেদনের জন্য কতগুলি নির্দিষ্ট নথি দিতে হবে এবং এই প্রক্রিয়ায় অন্যান্যভাবে কর্মীদের সাহায্য করতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে আপনি যদি একটি সরকারি সাহায্যপ্রাপ্ত বীমা কর্মসূচির (যেমন মেডিকেইড, ফ্যামিলি হেলথ প্লাস, চাইল্ড হেলথ প্লাস, প্রিনেটাল কেয়ার অ্যাসিসটেন্স প্রোগ্রাম) সাহায্য পান, তাহলে আপনার ক্ষেত্রে কম ফী প্রযোজ্য হবে না। কম ফী'র জন্য যোগ্য হতে হলে আপনি অবশ্যই যে কোনও প্রয়োজনীয় তথ্য অথবা নথি সরবরাহ করবেন এবং মাইমোনাইডস্ এর অর্থ বিভাগের কর্মীদের সঙ্গে সহযোগিতা করবেন।

যে পরিষেবার জন্য আর্থিক সহায়তার প্রয়োজন তা পাওয়ার 90 দিনের মধ্যে আর্থিক সহায়তার জন্য আবেদন করতে হবে।

আবেদনের প্রক্রিয়াটিতে কত সময় লাগবে?

একবার আপনার আবেদনটি সম্পূর্ণ করা এবং সব প্রয়োজনীয় নথি এবং তথ্য দেওয়া হয়ে গেলে, মাইমোনাইডস্ মেডিক্যাল সেন্টারের আর্থিক পরিষেবা বিভাগ এবং সি.এম.এইচ.সি সম্পর্কিত পরিষেবার জন্য রেজিস্ট্রারের অফিস তথ্যগুলি পর্যালোচনা করবে এবং 10 টি কর্মদিবসের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করবে। আপনার আবেদন প্রক্রিয়াটি নিষ্পত্তির অপেক্ষায় থাকাকালীন যদি আপনি একটি বিল পান, তার অর্থ এই নয় যে কম ফী'র জন্য আপনার আবেদনটি বাতিল করা হয়েছে।

আমার আবেদনটি অনুমোদিত হয়েছে কি না সে সম্পর্কে আমি কীভাবে জানব?

কম ফী'র জন্য আপনার আবেদনটি অনুমোদিত হয়েছে না বাতিল হয়েছে তা আর্থিক পরিষেবা বিভাগ অথবা সি.এম.এইচ.সি. রেজিস্ট্রারের অফিস আপনাকে লিখিত বিজ্ঞপ্তি মারফত জানাবে। যদি আপনার আবেদনটি অনুমোদিত হয়ে থাকে, তাহলে আপনার ফী কতটা কমেছে সে সম্পর্কে আপনাকে জানানো হবে।

আমার আবেদনটি যদি মঞ্জুর না হয় তাহলে কী হবে?

প্রদত্ত পরিষেবার আর্থিক দায়িত্বের কথা মনে রেখে আমরা একটি বাস্তবসম্মত এবং ন্যায্য অর্থপ্রদান পরিকল্পনা তৈরির জন্য আপনার সঙ্গে কাজ করব।

যদি আপনার আবেদনটি না-মঞ্জুর হয়, তাহলে বিজ্ঞপ্তি জারির 30 দিনের মধ্যে আপনি সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন করতে পারেন। অর্থ বিভাগের (আর্থিক পরিষেবা) ভাইস প্রেসিডেন্ট এবং মনোরোগ সম্পর্কিত পরিষেবার জন্য মনোরোগবিদ্যা বিভাগের প্রশাসক অর্থাৎ অ্যাডমিনিস্ট্রেটর এই আবেদন সম্পর্কে সিদ্ধান্ত নেবেন। এই আবেদনটি লিখিতভাবে (অথবা ব্যক্তিগতভাবে সাক্ষাৎ করে) অর্থ বিভাগের (আর্থিক পরিষেবা) ভাইস প্রেসিডেন্ট এর উদ্দেশে নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হবে ঃ

4802 Tenth Avenue
Brooklyn, NY 11219
718- 283-7753

তবে এই আবেদনটি যদি বাতিল হয় তাহলে আর্থিক পরামর্শদাতা অর্থাৎ ফাইন্যান্সিয়াল কাউন্সেলর আপনার সঙ্গে বসে একটি অর্থপ্রদান পরিকল্পনা স্থির করবেন।

যদি আমার আবেদনটি অনুমোদিত হয় এবং আমার আরও চিকিৎসার প্রয়োজন হয় তাহলে কী হবে?

ফী এর ওপর ছাড় পাওয়ার জন্য যোগ্য হওয়ার অনুমোদনটি এক বছরের জন্য বৈধ এবং এই সময়ের পরে ওই যোগ্যতা পুনর্বিবেচনা করা হবে।

যদি আমার আবেদনটি অনুমোদিত হয় এবং আমি যদি কিস্তিতে প্রদেয় অর্থ শোধ করতে চাই তাহলে কী হবে?

যে সব রোগী আর্থিক সহায়তা পাচ্ছেন তাঁরা কিস্তিতে ওই অর্থ পরিশোধ করার ব্যবস্থার জন্য আর্থিক পরামর্শদাতাকে অনুরোধ করতে পারেন।

প্রেসক্রিপশন, মনোরোগ পরিষেবা এবং নার্সিং হোম পরিষেবার খরচ কী আর্থিক সহায়তা পরিকল্পনায় মেটানো হয়?

প্রেসক্রিপশন এবং নার্সিং হোম সেবার খরচ মেটানো হয় না। মাইমোনাইডস্ মেডিক্যাল সেন্টারের হাসপাতাল ইত্যাদিতে ভর্তি রোগীদের মনোরোগ পরিষেবার খরচ মেটানো হয় কিন্তু বহির্বিভাগের মানসিক স্বাস্থ্য পরিষেবার জন্য একটি পৃথক আর্থিক সহায়তা পরিষেবা আছে। বহির্বিভাগের মনোরোগ পরিষেবা সংক্রান্ত আর্থিক সহায়তা সম্পর্কে আপনি যদি আরও তথ্য পেতে চান, তাহলে মনোরোগবিদ্যা বিভাগের ম্যানেজার ফাইন্যান্সিয়াল অপারেশনস্-কে 718-283-8144 নম্বরে ফোন করুন।

আমি কী আর্থিক সহায়তা পরিকল্পনার অধীনে প্রয়োজনীয় গবেষণাগারের পরীক্ষার খরচ পেতে পারি?

আপনি যোগ্যতার শর্তগুলি পূরণ করলে মাইমোনাইডস্-এ করা হয়েছে এমন চিকিৎসার জন্য প্রয়োজনীয় গবেষণাগারের পরীক্ষা, এক্স-রে এবং অন্যান্য আনুষঙ্গিক পরিষেবাগুলির জন্য কম ফী'র সুবিধা পাওয়া যায়।

আমি যদি আর্থিক সহায়তা পাই তাহলে তা কি সবাইকে জানানো হবে?

আপনার আবেদনে দেওয়া সব তথ্য গোপন রাখা হয়।

যদি আপনার আরও কোনও প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে আর্থিক পরিষেবা বিভাগ অর্থাৎ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস্ ডিপার্টমেন্টকে ফোন করুন

718-283-7790

Maimonides
Medical Center

আর্থিক সহায়তা কর্মসূচি

প্রায়ই জিজ্ঞাসা করা হয় এমন প্রশ্নগুলি